# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১। আ. গণি 'ক' নামক একটি দেশের নাগরিক। দেশটি ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীন হয়। দেশটি প্রাকৃতিক সৌন্দর্য্যে অমরাবতী। দেশের জনগণের ঐকান্তিক প্রচেষ্টায় দেশটি তার উন্নয়নের পথে প্রতিকূলতা অনেকটা দূর করে সামনে এগিয়ে চলেছে। দেশটি ইতোমধ্যে কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্যসহ প্রভৃতি ক্ষেত্রে অগ্রগতি সাধন করেছে। দেশটিতে বিদ্যমান সম্পদ ও অনুকূল পরিবেশ উন্নয়নের সম্ভাবনাকে আরও বৃদ্ধি করেছে।

ক. বাংলাদেশের ভূপ্রকৃতিকে কোন তিনটি প্রধান ভাগে ভাগ করা হয়েছে? ১

খ. পরিবেশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. আ. গণির দেশটির গতিধারা আলোচনা করো। ৩

ঘ. আ. গণির দেশটি বিদ্যমান সম্পদকে কাজে লাগিয়ে কোন কোন ক্ষেত্রে আরও উন্নয়নের সম্ভাবনা রয়েছে? ৪

২। হাসমত আলী বাবার সাথে কৃষিকাজ শিখেছে। তাদের আবাদি জমিগুলো একটু উঁচুতে। তাই, তাদের জমিতে সহজেই সেচ দেওয়া যায় না। তাই বছরের অধিকাংশ সময়ই জমিগুলো পতিত থাকে। মাঝে মধ্যে বৃষ্টির পানির সাহায্যেই কেবল জমিতে চাষ করা হয়।

ক. বহুমুখী খামার কী? ১

খ. কৃষি জোত কী? ব্যাখ্যা করো। ২

গ. হাসমত আলীর বাবার পতিত জমি কীভাবে চাষের আওতায় আনা সম্ভব? ৩

ঘ. সেচ সুবিধা সম্প্রসারণে সরকারের ভূমিকা উল্লেখ করো। ৪

৩। সুজনদের গ্রাম থেকে শহরে যাবার জন্য আগে ভালো রাস্তা ছিল না। এজন্য পণ্য পরিবহনে সমস্যা হতো। গত বছর জাপানের একটি প্রতিষ্ঠান এবং সরকারের অর্থায়নে সুজনদের গ্রামের রাস্তাটি উন্নত করা হয়।

ক. PPP-কী? ১

খ. অগ্রাধিকার শিল্প কী? ব্যাখ্যা করো। ২

গ. সুজনদের গ্রামের রাস্তাটি কোন কার্যক্রমের আওতায় উন্নত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সুজনদের গ্রামের রাস্তাটি যে কার্যক্রমের আওতায় উন্নত করা হয়েছে তার কী সুবিধা থাকতে পারে বলে তুমি মনে কর? আলোচনা করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪। অভাবের সংসারে এইচএসসি পাস করার পর সুলতান আর পড়াশুনা করেনি। তার বন্ধু রফিক যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে মোটর মেকানিক্সের কাজ শেখার জন্য ভর্তি হয়েছেন। তার দেখাদেখি সুলতানও হাঁসমুরগি পালনের ওপর প্রশিক্ষণে ভর্তি হন। তিন মাসের প্রশিক্ষণ বেশ ভালোভাবেই সমাপ্ত করেন। পরে বাবার দেওয়া অল্প পরিমাণ টাকা পয়সা নিয়ে হাঁস-মুরগির খামার গড়ে তোলেন। প্রথমই মুরগি পালন করে ২০,০০০ টাকা মুনাফা অর্জন করেন। এরপর আর সুলতানকে পেছনে ফিরে তাকাতে হয়নি।

ক. বেকারত্ব কী? ১

খ. দারিদ্র্য বিমোচনে আত্মকর্মসংস্থানের ভূমিকা কী? ২

গ. উদ্দীপকে সুলতানের কর্মকাণ্ড কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আত্মকর্মসংস্থানের মতো পদক্ষেপ বাড়াতে তুমি কী কী ধরনের সুপারিশ করবে সে সম্পর্কে মতামত দাও। ৪

৫। ইউসুফ মিয়া একজন মাছ ব্যবসায়ী। মাছকে দীর্ঘদিন ভালো রাখতে এবং পচনের হাত থেকে রক্ষা করতে তিনি মাছে এক ধরনের কেমিক্যাল মেশান। তার এ কেমিক্যাল মেশানো বিষাক্ত মাছ না জেনেই কিনে নেন অসংখ্য ক্রেতা। এতে ইউসুফের লাভ হয়। তার মধ্যে শুধু নিজ স্বার্থসিদ্ধির চিন্তাই কাজ করে, অন্যের লাভ/উপকার নয়।

ক. কলা দ্রুত পাকাতে কী ব্যবহার করা হয়? ১

খ. নিরাপদ খাদ্য গুরুত্বপূর্ণ কেন? ২

গ. ইউসুফের কার্যক্রম নিরাপদ খাদ্যের ধারণাকে কীভাবে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইউসুফের ব্যবহৃত উপাদানটি মানুষের জন্য যেসব ক্ষতি ডেকে আনবে সেগুলো তুলে ধরো। ৪

৬। মিজানের বাবা একজন সরকারি কর্মচারী। তিনি আগে যে টাকা বেতন পেতেন তা দিয়ে সংসার চললেও বর্তমানে জিনিসপত্রের দাম বাড়ায় তার বেতনে আর সবকিছু কেনা সম্ভব হচ্ছে না। এবং তিনি এটিও বোঝতে পারছেন যে ভবিষ্যতে এ সমস্যা আরও প্রকট হবে।

ক. মুদ্রাসংকোচন কী? ১

খ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে আর্থিক নীতি পদ্ধতি ব্যাখ্যা করো। ২

গ. মিজান এর বাবার সমস্যাটি অর্থনীতির কোন ধারণার সাথে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. যে কারণে মিজানে বাবার ক্রয়ক্ষমতা কমছে, সেটির জন্য বাংলাদেশের অর্থনীতিতে কী কী প্রভাব পড়ছে বলে তুমি মনে করো? ৪

http://teachingbd.com

৭। সুলতান সাহেব একটি কলেজের অর্থনীতির অধ্যাপক। তিনি একজন সচেতন নাগরিকও বটে। তিনি মনে করেন, বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের উন্নয়নে অর্থসংস্থান, আর্থ-সামাজিক অবকাঠামো নির্মাণ, প্রযুক্তিগত ঘাটতি পূরণের জন্য বৈদেশিক সাহায্য প্রয়োজন। কিন্তু একই সাথে বৈদেশিক সাহায্যের নেতিবাচক দিক সম্পর্কে তিনি খুবই সচেতন। বৈদেশিক ঋণের অনিশ্চয়তা, উচ্চ সুদের হার ও কঠিন শর্ত প্রভৃতি কারণে তিনি বৈদেশিক সাহায্য গ্রহণের পক্ষপাতী নন। তাঁর মতে, বৈদেশিক বাণিজ্যের সম্প্রসারণের মাধ্যমে অধিক বৈদেশিক মুদ্রা অর্জন করে উন্নয়নের অর্থসংস্থান ও দেশের স্বনির্ভরতা অর্জন করে।

ক. বৈদেশিক সাহায্যে বলতে কী বোঝ? ১

খ. বৈদেশিক সাহায্যের ইতিবাচক দিকগুলো কী? ২

গ. সুলতান সাহেব বৈদেশিক সাহায্য গ্রহণের পক্ষপাতী নন কেন? আলোচনা করো? ৩

ঘ. 'সাহায্যে নয়; বাণিজ্যই' Trade Not Aid আমাদের লক্ষ্য হওয়া উচিত তুমি কি এ উক্তি সমর্থন কর? যুক্তি দেখাও। ৪

৮। মামুন সাহেব তার কারখানা সম্প্রসারণের জন্য বাণিজ্যিক ব্যাংকে ঋণের জন্য গিয়ে জানতে পারলেন সরকার অভ্যন্তরীণ উৎস থেকে মাত্রাতিরিক্ত ঋণ গ্রহণের কারণে প্রাইভেট সেক্টরে ঋণ প্রবাহ কমে গেছে। এ প্রসঙ্গে ব্যাংক ম্যানেজারের সাথে আলাপ করে জানলেন, বৈদেশিক উৎস থেকে ঋণের ঝুঁকি অনেক। প্রয়োজনে অনেক সময় পাওয়াও যায় না। তাছাড়া অতিরিক্ত ঋণগ্রস্ত হওয়া রাষ্ট্রের ভাবমূর্তির জন্যও ক্ষতিকর।

ক. 'রপ্তানি শুল্ক' কী? ১

খ. বিশেষ কর বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে সরকারি ঋণের অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎসের তুলনা করো। ৩

ঘ. বৈদেশিক ঋণের বিষয়ে সরকারকে তুমি কতটা উৎসাহিত করবে— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯। রফিক সাহেব যে রাস্তা দিয়ে অফিসে যান সে রাস্তাটি দীর্ঘদিন যাবত নষ্ট। তিনি স্থানীয় প্রতিনিধির কাছে এ বিষয়টি দুইবার অভিযোগ আকারে আগে জানিয়েছেন। আজ অফিস যাবার পথে জানতে পারলো এ বছরের উন্নয়ন পরিকল্পনাতে এ রাস্তাটি ঠিক করার কথা বলা হয়েছে।

ক. উন্নয়ন পরিকল্পনা কাকে বলে? ১

খ. দীর্ঘমেয়াদি পরিকল্পনাকে কেন প্রক্ষিত পরিকল্পনা বলা হয়? ২

গ. রফিক সাহেব অফিস যাবার রাস্তাটি কোন কর্মসূচির আওতায় ঠিক করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে? ৩

ঘ. বাংলাদেশে এ ধরনের পরিকল্পনার গুরুত্ব সম্পর্কে তোমার বিশ্লেষণধর্মী মতামত দাও। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **বর্তমানে বাংলাদেশে মোট আবাদি জমির পরিমাণ কত?**
ক ১ কোটি ২০ লক্ষ একর
খ ১ কোটি ৯৭ লক্ষ একর
গ ২ কোটি ২২ লক্ষ একর
ঘ ২ কোটি ৩৭ লক্ষ একর

২. **বাংলাদেশের অর্থনীতির পশ্চাৎপদতার অন্যতম প্রধান কারণ কোনটি?**
ক বেকারত্ব খ মুদ্রাস্ফীতি
গ জনাধিক্য
ঘ রাজনৈতিক অস্থিতিশীলতা

৩. **বাংলাদেশের জাতীয় আয়ের শতকরা কতভাগ কৃষি থেকে আসে?**
ক ১২.১৭ খ ১৫.২১ গ ১৯.৪১ ঘ ২১.২২

৪. **বাংলাদেশে শিল্পোন্নয়নের পথে অন্তরায় সৃষ্টির অন্যতম কারণ হলো—**
i. পাকিস্তান শাসকদের শোষণ
ii. প্রাকৃতিক সম্পদের অপূর্ণ ব্যবহার
iii. ব্রিটিশ সরকারের অবহেলা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. **বাংলাদেশে কয়টি এগ্রো-সার্ভিস সেন্টার রয়েছে?**
ক ১টি খ ১০টি গ ৫টি ঘ ১২টি

৬. **পৃথিবীর তাপমাত্রা অত্যধিক বেড়ে যাওয়ার কারণ—**
i. কার্বন-ডাই-অক্সাইড ii. অক্সিজেন
iii. গ্রিন হাউজ গ্যাস
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
আফ্রিকার একটি দেশে ব্যবসায়িক কাজে গমন করে এসিআই কোম্পানির মার্কেটিং ম্যানেজার শামীম আহমেদ চৌধুরী। তিনি সেখানে দেখতে পান কৃষকরা রাসায়নিক সার, কীটনাশক, যান্ত্রিক পানিসেচ ব্যবস্থা, উচ্চ ফলনশীল বীজ ও ছোটখাটো যন্ত্রপাতি ব্যবহার করছে।

৭. **আফ্রিকার দেশটিতে কি ধরনের চাষাবাদ পদ্ধতি চালু রয়েছে?**
ক আদিম যুগের খ মধ্যযুগীয়
গ সনাতনী ঘ আধুনিক

৮. **এই ধরনের চাষাবাদ পদ্ধতিতে—**
i. কৃষক লাভবান হয়
ii. জমির মালিক লাভবান হয়
iii. মাটির উর্বরতা নষ্ট হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. **পরিবারের সদস্যদের সহযোগিতায় যে শিল্প পরিচালিত হয় তাকে কী শিল্প বলে?**
ক অতি ক্ষুদ্র শিল্প খ ক্ষুদ্র শিল্প
গ কুটির শিল্প ঘ মাঝারি শিল্প

১০. **বাংলাদেশের শিল্প কাঠামোর মধ্যে প্রধানত কত প্রকার শিল্প অন্তর্ভুক্ত?**
ক ৩ প্রকার খ ৪ প্রকার
গ ৫ প্রকার ঘ ৬ প্রকার

১১. **বাংলাদেশের কোন শিল্পে কারখানার পরিবেশ নেই?**
ক অতি ক্ষুদ্র শিল্পে খ কুটির শিল্পে
গ ক্ষুদ্র শিল্পে ঘ মাঝারি শিল্পে

১২. **কোন শিল্পে সংরক্ষণের সুবিধাদির দরকার হয়?**
ক বৃহৎ শিল্পে খ মাঝারি শিল্পে
গ আমদানি বিকল্পন শিল্পে ঘ রপ্তানিমুখী শিল্পে

১৩. **ম্যালথাস তার তত্ত্বে জনসংখ্যার কোন দিকটির প্রতি অধিক গুরুত্ব দিয়েছেন?**
ক গুণগত দিক খ পরিমাণগত দিক
গ খাদ্য উৎপাদনগত দিক ঘ জনসংখ্যা নিয়ন্ত্রণের দিক

১৪. **কাম্য জনসংখ্যার উৎপাদনভিত্তিক সংজ্ঞা দিয়েছেন কে?**
ক কার স্যান্ডার্স খ ডাল্টন
গ রবিনসন ঘ বোল্ডিং

১৫. **কোনটি কাম্য জনসংখ্যা তত্ত্ব সূত্র?**
ক $M = \frac{A - O}{O}$ খ $M = \frac{A - P}{Q}$
গ $M = \frac{O - A}{O}$ ঘ $M = \frac{A - P}{R}$

১৬. **মানবসম্পদ উন্নয়নের উপাদান হলো—**
i. বাসস্থান
ii. শক্তি ভোগ
iii. পরিবহন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. **কামাল জেলা সদরের কাচারিতে বসে টাইপ মেশিনে আইন সংক্রান্ত দলিলপত্রাদি টাইপ করে। কামালের কাজকে কী বলে?**
ক দলিল লেখক খ আত্মকর্মসংস্থান
গ ক্ষুদ্র শিল্প ঘ কুটির শিল্প

১৮. **খাদ্যের ক্রয়যোগ্যতা বলতে কী বোঝায়?**
ক খাদ্যের প্রাপ্যতা খ খাদ্যের সহজলভ্যতা
গ খাদ্যের নিরাপত্তা ঘ খাদ্যের দুর্মূল্য

১৯. **বাংলাদেশের খাদ্য নিরাপত্তা পরিস্থিতি কীরূপ?**
ক সন্তোষজনক খ উদ্বেগজনক
গ মোটামুটি সন্তোষজনক
ঘ মোটেই সন্তোষজনক নয়

২০. **খাদ্য নিরাপদকরণে প্রধান অন্তরায় কী?**
ক খাদ্যের দুষ্প্রাপ্যতার খ খাদ্যে ভেজাল প্রবণতা
গ সরকারের উদাসীনতা
ঘ জনগণের সচেতনতার অভাব

Teachingbd.com

২১. **খাদ্য নিরাপত্তার মূল উপাদান হলো —**

i. খাদ্য প্রাপ্যতা　ii. খাদ্য ক্রয়যোগ্যতা
iii. নিরাপদ খাদ্যের ব্যবহার

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii　ⓚ ii ও iii
ⓖ i ও iii　ⓘ i, ii ও iii

২২. **বাটা কোম্পানির শেয়ার বিক্রির প্রসপেক্টপস দেখে রানি তা কেনার আবেদন করেছেন। রানি কোন শেয়ার কিনতে চাচ্ছেন?**

ⓚ প্রাথমিক শেয়ার　ⓚ রাইট শেয়ার
ⓖ মাধ্যমিক শেয়ার　ⓘ বোনাস শেয়ার

২৩. **প্রাইমারি শেয়ারের বৈশিষ্ট্য হলো —**

i. এর মালিকরা ভোটদানের অধিকার রাখে
ii. কোম্পানি পরিচালনায় অংশগ্রহণ করে
iii. সীমাবদ্ধ দায় থাকে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii　ⓚ i ও iii
ⓖ ii ও iii　ⓘ i, ii ও iii

২৪. **রাজিব প্রগতি লি.-এর একজন সাধারণ শেয়ারহোল্ডার। তিনি কীভাবে প্রগতি লি. এর নিয়ন্ত্রণে অংশ নিবেন?**

ⓚ শেয়ার সার্টিফিকেট কিনে
ⓚ ভোটাধিকার প্রয়োগ করে
ⓖ বিবরণপত্র প্রচারের মাধ্যমে
ⓘ হস্তান্তরযোগ্যতার সুযোগে

২৫. **কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে কোন লভ্যাংশ দিয়ে থাকে?**

ⓚ রাইট শেয়ার　ⓚ বোনাস শেয়ার
ⓖ অতিরিক্ত লভ্যাংশ　ⓘ সুদ

২৬. **মুদ্রাস্ফীতি বলতে কী বোঝায়?**

ⓚ দ্রব্য মূল্যের নিম্নগতি　ⓚ দ্রব্য মূল্যের ঊর্ধ্বগতি
ⓖ দ্রব্য মূল্যের স্থিরঅবস্থা
ⓘ দ্রব্য মূল্যের স্থিতিশীলতা

২৭. **মুদ্রাস্ফীতির প্রধান কারণ কোনটি?**

ⓚ অর্থের যোগান হ্রাস　ⓚ অর্থের যোগান বৃদ্ধি
ⓖ সরকারি ব্যয় হ্রাস　ⓘ ব্যাংক ঋণ সংকোচন

২৮. **মুদ্রাস্ফীতির সময় কারা লাভবান হয়?**

ⓚ চাকরিজীবী ও নির্দিষ্ট আয়ের লোক
ⓚ শ্রমিক শ্রেণি
ⓖ ব্যবসায়ী ও শেয়ার বিনিয়োগকারী
ⓘ ঋণদাতা শ্রেণি

২৯. **অর্থের পরিমাণ বাড়লে মুদ্রাস্ফীতির কী পরিবর্তন হয়?**

ⓚ কমে　ⓚ বাড়ে
ⓖ নিয়ন্ত্রণে থাকে
ⓘ কোনো পরিবর্তন হয় না

৩০. **দুই বা ততোধিক সার্বভৌম রাষ্ট্রের মধ্যে দ্রব্যসামগ্রী ও সেবাকর্মের আদায়-প্রদানকে কী বলে?**

ⓚ অভ্যন্তরীণ বাণিজ্য　ⓚ তুলনামূলক বাণিজ্য
ⓖ রপ্তানি বাণিজ্য　ⓘ আন্তর্জাতিক বাণিজ্য

৩১. **"Theory of Comparative Cost" তত্ত্বটিকে প্রদান করেন?**

ⓚ অ্যাডাম স্মিথ　ⓚ ডেভিড রিকার্ডো
ⓖ কেইনেস্　ⓘ পল্ স্যামুয়েলসন

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**

গায়ানার মানুষেরা তাদের নিজেদের গৃহে তৈরি দোলনা সদৃশ্য বিছানা ইন্টারনেটে বিক্রয় ডট কমে প্রচার করেছিল। ফলশ্রুতিতে তারা অনেক অর্ডার পেয়েছিল। পরবর্তীতে এটি সারা বিশ্বে ছড়িয়ে পড়ে।

৩২. **উদ্দীপকের বিষয়টি কোন ধারণাকে সমর্থন করে?**

ⓚ বিশ্বায়ন　ⓚ আন্তর্জাতিক বাণিজ্য
ⓖ পণ্য ও সেবার অবাধ প্রবাহ
ⓘ সংস্কৃতির বিকাশ

৩৩. **উক্ত বিষয়ের সুবিধা হলো —**

i. উৎপাদন বৃদ্ধি　ii. বাজার বিস্তৃতি
iii. মেধা পাচার

**নিচের কোনটি সঠিক ?**

ⓚ i ও ii　ⓚ i ও iii　ⓖ ii ও iii　ⓘ i, ii ও iii

৩৪. **সরকারি ব্যয়ের উদ্দেশ্য কী?**

ⓚ কম কর আদায় করা　ⓚ বেশি কর আদায় করা
ⓖ বেশি ব্যয় করা　ⓘ সুষম উন্নয়ন করা

৩৫. **সরকারি ব্যয়ের অর্থসংস্থানের প্রধান উৎস কী?**

ⓚ কর রাজস্ব　ⓚ প্রশাসনিক ফি
ⓖ বাণিজ্যিক ব্যাংকের ঋণ
ⓘ কেন্দ্রীয় ব্যাংকের ঋণ

৩৬. **কোনটি প্রত্যক্ষ কর?**

ⓚ মূল্য সংযোজন কর　ⓚ আয়কর
ⓖ বাণিজ্য শুল্ক　ⓘ আবগারি শুল্ক

৩৭. **কোন্ উদ্দেশ্যে সরকারি ঋণ গ্রহণ করা উচিত?**

ⓚ সরকারের চিরাচরিত ব্যয় নির্বাহ
ⓚ প্রশাসনিক ব্যয় নির্বাহ
ⓖ জরুরি অবস্থার মোকাবেলা
ⓘ বাজেট উদ্বৃত্ত সৃষ্টি করা

৩৮. **কোনটি ৫ম পঞ্চ-বার্ষিক পরিকল্পনার মেয়াদকাল?**

ⓚ ১৯৯৫-২০০০　ⓚ ১৯৯০-১৯৯৫
ⓖ ১৯৯৭-২০০২　ⓘ ২০০০-২০০৫

৩৯. **পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন খাতে বেশি বরাদ্দ দেওয়া হয়?**

ⓚ শিক্ষাখাতে　ⓚ শিল্পখাতে
ⓖ বেসরকারি খাতে　ⓘ সরকারি খাতে

৪০. **সাদেক আলী নাহার কোম্পানির প্রধান। তিনি নাহার কোম্পানির কর্মকর্তাদের নিয়ে প্রতিষ্ঠানটির উন্নয়নে এক বছরের জন্য পরিকল্পনা গ্রহণ করেন। তার এই পরিকল্পনা কোন ধরনের পরিকল্পনা?**

ⓚ স্বল্পমেয়াদি পরিকল্পনা　ⓚ মধ্যমেয়াদি পরিকল্পনা
ⓖ দীর্ঘমেয়াদি পরিকল্পনা　ⓘ স্থানীয় পরিকল্পনা

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ |
| ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com